প্রথম আলো

দরিদ্র থ্যালাসেমিয়া রোগীদের জীবন বাঁচাতে জাকাত দিন

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

০৯ জুন ২০১৮, ২২:৩৬
আপডেট : ০৯ জুন ২০১৮, ২৩:২৬

রাজধানীর ৩০ চামেলীবাগ-শান্তিনগরের তিনতলায় সারি সারি বিছানা। বেশির ভাগ বিছানায় শুয়ে রয়েছে শিশু-কিশোরেরা। এই বয়সে এসব শিশুর থাকার কথা খেলার মাঠে, ঘরের উঠোনে, ব্যাট-বল নিয়ে ছক্কা-চারের চিৎকারে, দুষ্টুমিতে। তাদের মাতিয়ে রাখার কথা বাড়িঘর। সেখানে এসব শিশু শুয়ে আছে হাসপাতালের বিছানায়, চোখেমুখে রাজ্যের বিষণ্নতা। বিছানার স্ট্যান্ডে লাগানো রয়েছে রক্তের ব্যাগ, সেখান থেকে রক্ত যাচ্ছে শিশুর শরীরে, পাশে বসে রয়েছেন উদ্বিগ্ন মা অথবা বাবা। এ চিত্র বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন হাসপাতালের।

বড় নিষ্ঠুর এ চিত্র, হৃদয় স্পর্শ করা পরিবারগুলোর কাহিনি। তাদের বেঁচে থাকার কাহিনি যেকোনো মানুষের চোখ ভিজিয়ে দেবে। পরিবারগুলোর যুদ্ধ কেবল সন্তানদের বাঁচিয়ে রাখার। কারণ, থ্যালাসেমিয়া আক্রান্ত এ শিশুদের সুস্থ রাখার জন্য প্রতি মাসে প্রয়োজন রক্ত এবং দামি ওষুধ, যা কেনার আর্থিক সক্ষমতা বেশির ভাগ পরিবারেরই নেই।

তবে দূরদূরান্ত থেকে আসা এসব পরিবারের সহায় হয়ে দাঁড়িয়েছে বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন। ঢাকার শান্তিনগরে ২০০৮ সালে তারা স্থাপন করেছে থ্যালাসেমিয়া ফাউন্ডেশন হাসপাতাল। ২০ শয্যার এই হাসপাতাল থেকে প্রতিদিন গড়ে ৫০ জন রোগী রক্ত নেয়। কখনো কখনো জায়গা পাওয়া না গেলে দুজন রোগী একই বিছানায় শুয়ে রক্ত নেয়।
২০০৮ সাল থেকে জাকাত তহবিলের মাধ্যমে কিছু দরিদ্র রোগীর বিনা মূল্যে চিকিৎসাসেবা শুরু করেছে ফাউন্ডেশন। গত বছর ৭৪৫ জন রোগীকে জাকাত তহবিল থেকে চিকিৎসা দেওয়া হয়েছে, এ সংখ্যা প্রতিবছরই বাড়ছে।

রোগী বাড়ার সঙ্গে সঙ্গে ফাউন্ডেশনের খরচও বেড়েছে অনেক। আবার অনেকে এখনো চিকিৎসার বাইরে রয়েছে। সবাইকে চিকিৎসা দেওয়া হাসপাতালটির সামর্থ্যের বাইরে। তাই বিগত বছরগুলোর মতো প্রতিষ্ঠানটি এবারও হাত পেতেছে সমাজের বিত্তবানদের কাছে। এসব শিশুকে যদি পূর্ণাঙ্গ চিকিৎসার আওতায় আনা যায়, তাহলেই কেবল তারা সুস্থভাবে বাঁচতে পারবে, স্বাবলম্বী হতে পারবে। নতুবা তারা চিকিৎসার অভাবে অসুস্থ, পরনির্ভরশীল হয়ে ধুঁকে ধুঁকে বাঁচবে।

তাই পছন্দটা আমাদের—আমরা এসব থ্যালাসেমিয়া রোগীকে পরনির্ভরশীল হিসেবে দেখতে চাই না, এসব শিশু সঠিক চিকিৎসা নিয়ে হেসেখেলে বাঁচুক, নিজের পায়ে দাঁড়িয়ে নিজের ভবিষ্যৎ নিজেই গড়ে নিক, এটা চাই।

এসব শিশুকে সাহায্য করার ঠিকানা, বাংলাদেশ থ্যালাসেমিয়া ফাউন্ডেশন (জাকাত ফান্ড), হিসাব নম্বর-১০০৭২৭৬২৯৩০০১, আইএফআইসি ব্যাংক, শান্তিনগর শাখা, ঢাকা। একই সঙ্গে ০১৭২৯২৮৪২৫৭ নম্বরে বিকাশের মাধ্যমে এবং www.thals.org/zakat ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে জাকাত বা অনুদানের টাকা পাঠাতে পারেন। তবে হাসপাতাল কর্তৃপক্ষ চায় মানুষ হাসপাতালে আসুক, তারা নিজের চোখেই দেখুক এসব শিশুকে। তারপর তাদের হাতেই সাহায্য দিয়ে যাক।

© স্বত্ব প্রথম আলো ১৯৯৮ - ২০১৮
সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম অ্যাভেনিউ, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫
ফোন : ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স : ৯১৩০৪৯৬, ইমেইল : info@prothom-alo.info